ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি

প্রতাপ,ঝালকাঠী

নম্বর ২৭.১২.৪২৭৩.৫৬৬.০২.০০৮.২৩.৫৫৯ তারিখ: ২ ফাল্গুন ১৪২৯

১৫ ফেব্রুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **“অফিস সেক্রেটারী/লাইনটেকনিশিয়ান পদে নিয়োগের লক্ষ্যে আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”**

ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি এ **অফিস সেক্রেটারী/লাইনটেকনিশিয়ান** শূন্য পদ পূরণের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বিভিন্ন সমিতিতে কর্মরত নিয়মিত কম্পিউটার অপারেটর এবং লাইনটেকনিশিয়ান পদে যারা পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২, (সংশোধিত-২০১২ খ্রিঃ) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা,(চ) জন্ম তারিখ, (ছ) ধর্ম (জ) ১১/০৩/২০২৩খ্রিঃ বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও নিয়মিত করণের তারিখ (ট) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র সহ আগামী ১১/০৩/২০২৩খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, প্রতাপ, ঝালকাঠি এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র /দলিলাদি সংশ্লিষ্ট এজিএম(মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করতে হবে।

০২। **আবেদনপত্রের সাথে নিম্ন বর্নিত কাগজ পত্র সংযুক্ত করতে হবে।**

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি ।

(খ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন সত্যায়িত ছবি।

(গ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি(**শুধুমাত্র লাইনটেকনিশিয়ানগণের ক্ষেত্রে মূল ড্রাইভিং লাইসেন্স সংগে আনতে হবে**)।

(ঙ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকাh© হওয়ার প্রমান পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) জাতীয় পরিচয় পত্র /ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।

(ছ) আবেদন পত্রের সহিত জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদ এবং বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) এর প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

(জ) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন কিনা;

(ঝ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন কিনা;

(ঞ) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একের অধিক গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন কিনা;

(ট) বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন কিনা;

(ঠ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ড)পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার কারণে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন কিনা;

(ঢ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(ণ) সর্বশেষ ০৫ বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৩। <u>পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে।</u>

(ক) পদোন্নতির বিষয় পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(খ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২, (সংশোধিত-২০১২ খ্রিঃ) প্রতিপালন করা হবে।

০৪। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরন করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ প্রদান করা হবে।

০৬। অফিস সেক্রেটারী/লাইনটেকনিশিয়ান পদে অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে কম্পিউটার অপারেটর/ লাইনটেকনিশিয়ান পদে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

০৭। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। **তবে অত্র পবিসের ভৌগলিক এলাকায় অবস্থিত প্রার্থী অর্থাৎ ঝালকাঠি সদর, রাজাপুর, নলছিটি, কাঠালিয়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।**

০৮। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বামী বা স্ত্রী এবং রক্তের সম্পর্কীয় প্রার্থীদের গ্রহনযোগ্য হবে না।

০৯। পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা এবং বাপবিবোর্ড/পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১০। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং তদন্ত পূর্বক তা প্রমানিত হলে তাকে চাকুরীচ্যুত করা হবে।

১১। পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। বর্ণিত শর্তাবলী ব্যতীত অন্য যে কোন বিষয়ে ঝালকাঠি পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে ঝালকাঠি পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫-২-২০২৩
মোঃ ইমদাদুল ইসলাম
জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড , ঢাকা (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)।

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।

৬) ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/রাজাপুর, জোনাল অফিস, ঝাপবিস।

৭) এজিএম (অর্থ/সঃ সেবা/ইএন্ডসি/ওএন্ডএম-সদর/নলছিটি সাব জোঃ, , ঝাপবিস।

৮) এজিএম (আইসিটি), ঝাপবিস (বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা সহ), ।

৯) নোটিশ বোর্ড, ঝাপবিস।

১০) অফিস কপি/মাষ্টার কপি ।